



☎:0531-63360, ☎:0531-61953

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
www.dgc.edu.bd



E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ভর্তি ২০১৭-১৮/২০১৭/...৮৪৪

তারিখ: ২২/০৮/২০১৭ খ্রিষ্টাব্দ

**২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির বিজ্ঞপ্তি**

কলেজ কোড-৩৪০১ বিষয় ও কোডসমূহ: বাংলা-১০০১, ইংরেজি-১১০১, দর্শন-১৭০১, ইতিহাস-১৫০১, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১৬০১, অর্থনীতি-২২০১, সমাজবিজ্ঞান-২০০১, রাষ্ট্রবিজ্ঞান-১৯০১, হিসাববিজ্ঞান-২৫০১, ব্যবস্থাপনা-২৬০১, পদার্থবিজ্ঞান-২৭০১, রসায়ন-২৮০১, গণিত-৩৭০১, উচ্চবিদ্যা-৩০০১, প্রাণিবিদ্যা-৩১০১	যোগ্যতা: (ক) প্রাথমিক আবেদনের ক্ষেত্রে আবেদনকারীর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক/সম্মান পরীক্ষার পৃথকভাবে ন্যূনতম জিপিএ ২.০০ (৪র্থ বিষয়সহ) থাকতে হবে। (খ) ভর্তির বিষয় নির্বাচনের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক/সম্মানের পরীক্ষায় অনুমোদিত পঠিত বিষয় বা সমগোত্রীয় বিষয় ২০০ নম্বরের হতে হবে এবং ন্যূনতম গ্রেড পরয়েক ৩.০০ থাকতে হবে।
---	--

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে:

**(১) ভর্তির আবেদনের নিয়মাবলি:**

- ভর্তিচ্ছুক প্রার্থীরা যে শাখা থেকে উচ্চমাধ্যমিক/সম্মানের পরীক্ষায় পাস করেছে তাদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.admissions.nu.edu.bd](http://www.admissions.nu.edu.bd) অথবা [nu.edu.bd/admissions](http://nu.edu.bd/admissions)) থেকে আগামী ২৪/০৮/২০১৭ হতে ২০/০৯/২০১৭ তারিখের মধ্যে অনলাইনে আবেদন ফরমপূরণ করতে হবে।
- প্রার্থী দিনাজপুর সরকারি কলেজের নাম সিলেক্ট করলে অত্র কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিযোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সাথে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রমে নির্ধারণ করতে হবে।
- ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type:jpg এবং maximum file size: 50Kb. আবেদনের ছবিটি সংরক্ষণ করতে হবে এবং কলেজের online admission system এ একই ছবি ব্যবহার করতে হবে।
- ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরমটি A4 পেপার (৮.৫"×১১" ইঞ্চি) সাইজ হতে হবে এবং এটি অফসেট পেপার দ্বারা রঙিন প্রিন্টেড হতে হবে। নির্ধারিত কাগজের মাপ ব্যতীত অন্য মাপের ফরম গ্রহণ করা হবে না।

**২। আবেদন ফি:**

- প্রাথমিক আবেদনের নির্ধারিত ফি (আবেদন ফি ২৫০/- ও প্রসপেক্টাস ফি ৩০/-) মোট ২৮০/- (দুইশত আশি) টাকা জমাদানের রসিদ কলেজের ক্যাশ শাখা হতে সংগ্রহপূর্বক সাউথইস্ট ব্যাংক লিঃ, কলেজ বুথ, বিজ্ঞান ভবন এ জমা দিতে হবে।

**৩। আবেদন ফরম জমা:**

- আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে, নিজের ব্যবহৃত মোবাইল নম্বর দিতে হবে এবং কলেজের online admission system এ একই মোবাইল নম্বর ব্যবহার করতে হবে।
- প্রাথমিক আবেদন ফরম জমাদানের সময় এস.এস.সি ও এইচ.এস.সি'র ট্রাসক্রিপ্ট, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ভর্তি ফি জমাদানের রসিদ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন ফরম কলেজ অডিটোরিয়াম কাউন্টারে প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ২:০০ টা পর্যন্ত, নির্ধারিত তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

**৪। আবেদন ফরম জমার শেষ তারিখ: ২১/০৯/২০১৭ তারিখ বেলা ০২:০০ টার মধ্যে।**


**৫। ফলাফল প্রকাশ:**


- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোনো ভর্তি পরীক্ষা দিতে হবে না।
- প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরি করে প্রার্থীদের পছন্দক্রমের উর্ধ্বক্রমে অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।
- শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট [www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) অথবা [admissions.nu.edu.bd](http://admissions.nu.edu.bd) অথবা SMS (nu<space>athn<space>roll no) টাইপ করে 16222 নম্বরে send করে ফলাফল জানতে পারবে।
- ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং ত্রিবিধ ক্ষিপের (প্রয়োজনে একাধিক বার) মাধ্যমে প্রকাশ করা হবে। এরপর ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

**৬। ক্লাস শুরু : ১৫ অক্টোবর ২০১৭ খ্রিষ্টাব্দ।**

ভর্তি সংক্রান্ত কলেজের তথ্য [www.dgc.edu.bd](http://www.dgc.edu.bd) কলেজ ওয়েব সাইটে পাওয়া যাবে।

বিদ্র: প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত ভর্তি নির্দেশিকা অনুসরণ করা হবে। এই ভর্তি কার্যক্রমের যে কোনো ধারা/নিয়মাবলির সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

প্রতি স্বাক্ষর  
  
২২/০৮/২০১৭  
অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ  
দিনাজপুর।

  
(মৌব সাহাঙ্গাদ আলী)  
সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ  
ও  
সহস্বায়ক  
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০১৭-২০১৮  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।